

■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৭৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নামাযের ওয়াক্তসমূহ এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ।

بَابُ ذِكْرِ بَيَانِ الْمَوَاقِيتِ وَالْخِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا الْقَاضِيَانِ : أَبُو عَبْدِ اللَّهِ الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ الْمَحَامِلِيُّ ، وَأَبُو عُمَرَ مُحَمَّدُ بْنُ يُوسُفَ ، قَالَا : نَا عَبْدُ اللَّهِ بْنُ شَبِيبٍ ، نَا أَيُّوبُ بْنُ سُلَيْمَانَ بْنِ بَلَالٍ ، ثَنَّا أَبُو بَكْرٍ بْنُ أَبِي أُويسٍ ، حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ بَلَالٍ ، نَا صَالِحُ بْنُ كَيْسَانَ ، عَنْ حَفْصٍ بْنِ عَبْدِ اللَّهِ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، قَالَ : " صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - الْعَصْرَ ، فَلَمَّا انْصَرَفَ ، قَالَ رَجُلٌ مِنْ بَنِي سَلَمَةَ : يَا رَسُولَ اللَّهِ ، إِنَّ عِنْدِي جَزُورًا أُرِيدُ أَنْ أَنْهَرَهَا ، فَأَنَا أُحِبُّ أَنْ تَحْضُرَهَا ، فَانْصَرَفَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَانْصَرَفْنَا ، فَنَحِرَتِ الْجَزُورُ ، وَصُنِعَ لَنَا مِنْهَا ، وَطَعَمْنَا مِنْهَا قَبْلَ أَنْ تَغِيبَ الشَّمْسُ ، وَكُنَّا نُصَلِّي الْعَصْرَ مَعَ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَيَسِيرُ الرَّاكِبُ سِتَّةَ أَمْيَالٍ قَبْلَ أَنْ تَغِيبَ الشَّمْسُ

বাংলা

৯৭৭(১৬). কায়ী আবু আবদুল্লাহ আল-হুসাইন ইবনে ইসমাইল আল-মুহামিলী ও কায়ী আবু উমার মুহাম্মাদ ইবনে ইউসুফ (রহঃ) ... আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আসরের নামায পড়লাম। নামাযশেষে বনু সালামার এক ব্যক্তি বলল, ইয়া রাসূলুল্লাহ! আমার নিকট একটি উট আছে, আমি তা যবেহ করতে চাই এবং তথায় আপনার উপস্থিতি কামনা করি। অতএব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গেলেন আমরাও গেলাম, এবং আমি উটটি যবেহ করলাম। আমাদের জন্য তা থেকে রান্না করা হলো এবং আমরা সুর্যাস্তের পূর্বে তার মাংস আহার করলাম। আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আসরের নামায পড়তাম, অতঃপর কোন আরোহী সূর্য অন্ত যাওয়ার পূর্বে ছয় মাইল সফর করতে পারতো।

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80766>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন